



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল


[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)  
e-mail: barisalboard@gmail.com

স্মারক নং- বশিবো/প্রশা/বৃত্তি/২০১৯/১২/৪৮৩

তারিখ : ০৪/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

### বৃত্তি/মেধাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বরিশাল বিভাগের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত বৃত্তি/মেধাবৃত্তি খাতে ২০১৮-২০১৯ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হবে। কাজেই বর্তমানে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রতিষ্ঠান প্রধানগণ বৃত্তির টাকা উত্তোলনের জন্য সরকারি হিসাব রক্ষণ অফিস কর্তৃক সরবরাহকৃত বিল ফরমে ( টি আর ফরম নং ৩৩) বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য, সমন্বিত বিল ফরমে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন, জেলা শিক্ষা অফিসার/ উপজেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষর ও বৃত্তির গেজেট বিজ্ঞপ্তিসহ ৩১ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে বরিশাল শিক্ষাবোর্ডের প্রশাসন শাখার ৪০৭ নং কক্ষে জমা দিতে হবে এবং বৃত্তির চেক প্রস্তুত হলে বরিশাল বোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/ প্রাধিকারপ্রাপ্তকে বোর্ডের হিসাব শাখা হতে চেক গ্রহণ করার অনুরোধ করা হলো। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ২৬/০৫/২০১৯ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৩৪.০০১.১৯-১৫৭ সংখ্যক স্মারকের তামাদী মঞ্জুরী আদেশ অনুযায়ী তামাদীকৃত বৃত্তির অর্থ একইভাবে বিতরণ করা হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে ব্যর্থ হলে বৃত্তি প্রদান করা সম্ভব হবে না।

  
০৪/০৭/১৯

প্রফেসর বিপ্লব কুমার ভট্টাচার্য-৬৯১৯  
সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৪১৭